

## ලুকমান | Luqman | لُقْمَانٌ

আয়াতঃ ৩১ : ২২

### আরবি মূল আয়াত:

وَ مَن يُسْلِمْ وَجْهَهُ إِلَى اللَّهِ وَ هُوَ مُحْسِنٌ فَقَدِ اسْتَمْسَكَ بِالْعُرْوَةِ  
الْوُثْقَى ۝ وَ إِلَى اللَّهِ عَاقِبَةُ الْأُمُورِ ۝

### A | ✎ অনুবাদসমূহ:

আর যে ব্যক্তি একনিষ্ঠ ও বিশুদ্ধচিত্তে আল্লাহর কাছে নিজেকে সমর্পণ করে, সে তো শক্ত রশি আঁকড়ে ধরে। আর সকল বিষয়ের পরিণাম আল্লাহরই কাছে। — আল-বায়ান

যে কেউ আল্লাহর প্রতি আত্মসমর্পণ করে আর সে সৎকর্মশীল, সে দৃঢ়ভাবে ধারণ করে এক মজবুত হাতল। যাবতীয় কর্ম পরিণাম ফলের জন্য আল্লাহর দিকে ফিরে যায়। — তাইসিরুল

যদি কেহ সৎ কর্মপরায়ণ হয়ে আল্লাহর নিকট আত্মসমর্পণ করে তাহলে সেতো দৃঢ়ভাবে ধারণ করে এক মাযবৃত হাতল, যাবতীয় কার্যের পরিণাম আল্লাহর দিকে। — মুজিবুর রহমান

And whoever submits his face to Allah while he is a doer of good - then he has grasped the most trustworthy handhold. And to Allah will be the outcome of [all] matters. — Sahih International

২২. আর যে নিজেকে আল্লাহর কাছে সমর্পণ করে, এমতাবস্থায় যে সে মুহসিন(১) সে তো দৃঢ়ভাবে ধরলো এক মযবুত হাতল। আর যাবতীয় কাজের পরিণাম আল্লাহরই কাছে।

(১) অর্থাৎ মুখে নিজেকে আল্লাহর হাতে সোপর্দ করার ঘোষণা দেয়া হবে কিন্তু কার্যত আল্লাহর অনুগত বান্দার নীতি অবলম্বন করা হবে না, এমনটি যেন না হয়। আর তা হবে কেবলমাত্র রাসূলকে অনুসরণ করার মাধ্যমে। এ আয়াতের প্রথম অংশ তাওহীদ আর দ্বিতীয় অংশ রাসূলের অনুসরণ করা বাধ্য করে দিয়েছে। তাওহীদ পরিশুদ্ধ হতে হলে রাসূলের অনুসরণ জরুরী। [সাঁদী]

তাফসীরে জাকারিয়া

(২২) যে কেউ সৎকর্মপরায়ণ হয়ে[১] আল্লাহর নিকট আত্মসমর্পণ করে,[২] সে আসলে এক মজবুত হাতল ধারণ করে।[৩] আর যাবতীয় কার্যের পরিণাম আল্লাহর অধীনে।

[১] অর্থাৎ, যাবতীয় আদেশ পালন করে এবং যাবতীয় নিষিদ্ধ বর্জন করে।

[2] অর্থাৎ, শুধু আল্লাহর সন্তান লাভের জন্য আমল করে এবং তাঁর আদেশ পালন ও তাঁর বিধান মান্য করে।

[3] অর্থাৎ, সে আল্লাহর নিকট পাকা প্রতিশ্রূতি নেয় যে, তিনি তাকে শাস্তি দেবেন না।

তাফসীরে আহসানুল বাযান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=3491>

৬ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন